

উপপরিচালক (উপসচিব) ঐর জীবন বৃত্তান্ত

ড. সফিকুল ইসলাম (উপসচিব)

মোবাইল নং: +8168720, ০১৭১১ ৩১ ০৮ ৯৫

মেইল এড্রেস : rpatcdhaka@yahoo.com, shafiq.bcs@gmail.com

ড. সফিকুল ইসলাম জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে বিপিএটিসির অধীনস্থ আরপিএটিসি, ঢাকায় ১০ জুলাই ২০২৩ তারিখে ‘উপপরিচালক (উপসচিব)’ হিসেবে যোগদান করেছেন। তিনি বিভিন্ন জেলা ও উপজেলার মাঠ প্রশাসনসহ বিভিন্ন মন্ত্রণালয়ের পলিসি পর্যায়ে দীর্ঘ ১৭ বছর যাবত কাজ করেছেন। বিসিএস প্রশাসনের ২৫তম ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে ২০০৬ সালে সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে যোগদান করেছিলেন।

তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন উপসচিব। এর আগে কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দুই বছর কাজ করেছেন। তার আগে তিনি অর্থমন্ত্রণালয়ের অর্থবিভাগের উপসচিব হিসেবে কর্মরত ছিলেন। এর আগে বাংলাদেশ ইন্সটিটিউট অব এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) এর ডেপুটি ডিরেক্টর ছিলেন। তাছাড়া তিনি মাঠ প্রশাসনে সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারি কমিশনার (ভূমি), এনডিসি, আরডিসি, সিনিয়র সহকারি কমিশনার হিসেবে মাদারীপুর, চাঁদপুর ও রাংগামাটি জেলায় কাজ করেছেন। পাশাপাশি জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলসুপারিনটেন্ড, পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে ও দায়িত্ব পালন করেছেন। উপজেলা নির্বাহী অফিসার হিসাবে চার বছর দায়িত্ব পালন করেছেন চাঁদপুর জেলার মতলব উপজেলায়, বান্দরবান জেলার সদর উপজেলায়, আর মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায়।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ ও এমবিএ করেছেন। জাপান সরকারের জেডিএস স্কলারশীপ নিয়ে জাপানের কোবে ইউনিভার্সিটি থেকে মাস্টার্স করেছেন। অস্ট্রেলিয়ার সরকারের আইপিআরএস স্কলারশীপ নিয়ে ব্রিসবেনের গ্রিফিথ ইউনিভার্সিটি থেকে রাজনৈতিক অর্থনীতি, দুর্যোগব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন বিষয়ে পিএইচডি করেছেন। এসব বিষয়ে আন্তর্জাতিক পিয়ার রিভিউড খ্যাতমান জার্নালে তাঁর লেখা আর্টিক্যাল, বুকচ্যাপ্টার ও কনফারেন্স পেপার প্রকাশিত হয়েছে। ইউরোপ, এশিয়া ও অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক বিভিন্ন সম্মেলনে তিনি একাডেমিক পেপার প্রেজেন্ট করেছেন।

তিনি দেশে বিদেশে নানান বিষয়ে তথ্য স্থানীয় সরকার, পরিবেশ, জলবায়ু পরিবর্তন অভিযোজন, দুর্যোগ ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, সুশাসন, টেকসই উন্নয়ন, বাজেট পরিকল্পনা, প্রজেক্ট ম্যানেজমেন্ট, অডিটিং, ফাইন্যান্সিয়াল এনালিসিস, বর্জ্য ব্যবস্থাপনা, এডমিনিস্ট্রেশন, জেন্ডার ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এসব প্রশিক্ষণের জন্য তিনি ভারত, জাপান, অস্ট্রেলিয়া, সিংগাপুর, ইতালি, সুইজারল্যান্ড, ফ্রান্স, জার্মানি, নেদারল্যান্ড, বেলজিয়ামসহ নানান দেশে ভ্রমণ করেছেন।

তিনি মতলব উপজেলা প্রশাসন শিক্ষা ট্রাস্ট গঠন করেছিলেন স্বউদ্যোগে ও প্রচেষ্টায়। তিনি ‘মতলবের ইতিবৃত্ত’ নামক একটি গ্রন্থ রচনা, সম্পাদনা ও প্রকাশ করেছেন। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নির্বাচিত হয়েছিলেন। তিনি নিয়মিত লেখালেখি করেন। গান, কবিতা, উপন্যাস, গল্প ও প্রবন্ধ লেখা তাঁর নিয়মিত সুকুমারবৃত্তি।

তাঁর রচিত কাব্যগ্রন্থ 'যে কথা যায় না বলা' আগামী প্রকাশনী থেকে ২০২২ সালে অমর একুশে বইমেলায় প্রকাশিত হয়েছে। এবং কাব্যগ্রন্থ 'চিন্তানুরণন' এবং গল্পগ্রন্থ 'লুকোচুরির জীবন' সৃজন প্রকাশনী থেকে ২০২৩ সালের অমর একুশে বইমেলায় প্রকাশিত হয়েছে। তিনি ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার বাঁদৈর ইউনিয়নের সন্তান। পারিবারিক জীবনে তিনি এককন্যা ও একপুত্র সন্তানের জনক; তাঁর সহধর্মীনি জনাবা মুসলিমা আক্তার জামান সৃজন।

তিনি নিষ্ঠা, একাগ্রতা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করবেন। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মানের প্রত্যয়ে জনস্বার্থে নিবেদিত, দেশপ্রেমিক, দক্ষ ও পেশাদার মানবসম্পদ সৃষ্টির জন্য আরপিএটিসিকে গড়ে তোলার লক্ষ্যে নিরলসভাবে কাজ করবেন মর্মে প্রত্যয় ব্যক্ত করেন।

আরও বিস্তারিত জানতে ওয়েবসাইট ভিজিট করুন.

drshafiqul.com

